# এক নজরে কৃষি বিপণন অধিদপ্তর

**সংক্ষিপ্ত পরিচিতিঃ**

**পটভূমিঃ** অবিভক্ত ভারত উপমহাদেশে ১৯২৮ সনের 'রয়েল কমিশন অন এগ্রিকালচার' কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রদানের লক্ষ্যে একটি ব্যাপক ভিত্তিক কৃষি বিপণন কাঠামো সৃষ্টির প্রয়োজনীয়তা অনুভব করে। উৎপাদন বৃদ্ধি অব্যাহত রেখে উৎপাদকদের উৎসাহব্যঞ্জক মূল্য প্রদানের জন্য কমিশন কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করে।

**অধিদপ্তরের সৃষ্টি :**

- নয়াদিল্লিতে সদর দপ্তর করে ১৯৩৪ সনে এগ্রিকালচারাল মার্কেটিং এডভাইজার নিয়োগ করা হয় । অতঃপর ১৯৩৫ সনে কেন্দ্রীয় এবং প্রাদেশিক পর্যায়ে মার্কেটিং ষ্টাফ নিয়োগ করা হয়।
- ১৯৪৩ সনে অবিভক্ত বাংলায় মার্কেটিং ডিপার্টমেন্ট স্থায়ী করা হয় এবং সিনিয়র মার্কেটিং অফিসারের পদবীকে ডাইরেক্টর অব এগ্রিকালচারাল মার্কেটিং এ রূপান্তর করা হয়।
- ১৯৮২ সন পর্যন্ত কৃষি বিপণন অধিদপ্তরের নাম ছিল " কৃষি বাজার পরিদপ্তর " ।
- ১৯৮২ সনে এনাম কমিটি কর্তৃক কৃষি বিপণন অধিদপ্তরকে পুনর্গঠন করা হয় এবং ১৯৮৩ সনে যে সকল পরিদপ্তরের অফিস প্রধানের বেতন স্কেল যুগ্ম-সচিব বা তদূর্ধ পদমর্যাদার ছিল, সে সকল পরিদপ্তরকে সরকার "**অধিদপ্তর** " হিসেবে ঘোষনা করে।

**ভিশনঃ**

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ব্যবস্থা ও কৃষি ব্যবসা উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা।

**মিশনঃ**

ক) কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরুপণ, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার করা।
খ) আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে দক্ষ বাজার ব্যবস্থা গড়ে তোলা।
গ) কৃষিপণ্যের গুনগতমান পরিবীক্ষণ করা, গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের মান (Standard) নির্ধারন ও বিপণন সেবা প্রদানে সহায়তা করা।
ঘ) কৃষক বিপণন গ্রুপ/দল গঠন এবং উৎপাদক ও বিক্রেতার সাথে ভোক্তার সংযোগ স্থাপনে সহায়তা দান।
ঙ) কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্প স্থাপনের মাধ্যমে কৃষি ও কৃষিজাত পণ্যের রপ্তানী বৃদ্ধিতে সহায়তা করা।
চ) কৃষক ও ব্যবসায়ীদের কৃষিপণ্যের গ্রেডিং, সর্টিং, প্যাকেজিং, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ, বিপণন ও ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের মূল্যসংযোজন (Value addition) কার্যক্রম অব্যাহত রাখা।

**অর্গানোগ্রাম:**

**(ক) জনবলঃ**

| ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | পুরণকৃত পদ | শূণ্য পদ |
|---|---|---|---|---|---|
| ৪৭ জন (২ টি এলআর পদসহ) | ০৮জন | ২৯৩ জন | ৪৮ জন | ৪৬৪ জন | ১০২ জন |
| **মোট জনবলঃ ৫৬৬ জন** | | | | | |

**(খ) গ্রেড অনুযায়ী ১ম শ্রেণীর পদের বিন্যাসঃ**

| পরিচালক (২য় গ্রেড) | প্রধান (৩য় গ্রেড) | উপ-পরিচালক/ উপ-প্রধান (৫ম গ্রেড) | সহকারী প্রধান (৬ষ্ঠ গ্রেড) | আঞ্চলিক ব্যবস্থাপক (৭ম গ্রেড) | সহকারী পরিচালক/ গবেষণা কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা/পুষ্টি উন্নয়ন কর্মকর্তা/ চামরা বিশেষজ্ঞ (গ্রেড-৯ম) |
|---|---|---|---|---|---|
| ০১ জন | ০১ জন | ১০ জন (১ টি এলআর পদসহ) | ০৬ জন | ০৩ জন | ২৬ জন (১ টি এলআর পদসহ) |
| **মোট ১ম শ্রেণীর পদ সংখ্যাঃ ৪৭ টি (২ টি এলআর পদসহ)** | | | | | |

**(গ) অধিদপ্তরের অফিসের বিন্যাসঃ**

| সদর দপ্তর (০১টি) | বিভাগীয় অফিস(০৪টি) | জেলা পর্যায় অফিস(৬৪টি) | উপজেলা পর্যায় অফিস(০৪টি) |
|---|---|---|---|
| ঢাকার খামারবাড়ি-তে অবস্থিত | ঢাকা.চট্টগ্রাম,রাজশাহী ও খুলনা বিভাগীয় সদরে অবস্থিত | ৬৪টি জেলার জেলা সদরে ‘জেলা মার্কেটিং অফিস’ হিসেবে অবস্থিত । | ০৪টি পার্বত্য উপজেলায় অবস্থিত (১। লামা ২। পটিয়া ৩। কাপ্তাই ৪। রামগড়) |

**সংস্থার কার্যক্রমঃ**

কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা করা, দেশব্যাপী কৃষিপণ্যের সুষম সরবরাহ ব্যবস্থা সচল রাখা, কৃষিপণ্যের উৎপাদন ও বিপণন ব্যবস্থাপনার সুষ্ঠু বিকাশ এবং এর মাধ্যমে যৌক্তিক ভোক্তামূল্য নিশ্চিতকরণ ও জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান সর্বোচ্চকরণের লক্ষ্যে সামনে রেখে কৃষি বিপণন অধিদপ্তর নিম্নোক্ত প্রধান ০৫(পাঁচ)টি ক্ষেত্রে কার্যক্রম পরিচালনা করছে।

ক) বাজার তথ্য ও পরিসংখ্যান (Market Intelligence & Statistics)
খ) বাজার নিয়ন্ত্রণ (Market Regulation)
গ) গবেষণা ও উন্নয়ন (Research & Development)
ঘ) পরিকল্পনা ও উন্নয়ন (Planning & Development)
ঙ) শস্য গুদাম ঋণ কার্যক্রম

**প্রজ্ঞাপিত বাজার সংখ্যাঃ**

| বিভাগ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ২১৯ | ২১৯ | ২১৯ | ২১৯ | ২১৯ |
| চট্টগ্রাম | ২০৬ | ২০৬ | ২০৬ | ২০৬ | ২০৬ |
| রাজশাহী | ১৮৫ | ১৮৫ | ১৮৫ | ১৮৫ | ১৮৫ |
| খুলনা | ১৯০ | ১৯০ | ১৯০ | ১৯০ | ১৯০ |
| মোট | ৮০০ | ৮০০ | ৮০০ | ৮০০ | ৮০০ |

**বাজার কারবারীদের অনুকুলে ইস্যুকৃত লাইসেন্স সংখ্যাঃ**

| বিভাগ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ |
|---|---|---|---|---|
| ঢাকা | ১৩,০৩০ | ১২,৮৬৫ | ১৪,৪৭৩ | ১৫,৫৯৭ |
| চট্টগ্রাম | ১৩,৪২০ | ১৪,৭৭৫ | ১৫,৪৭৭ | ১৬,২১৯ |
| রাজশাহী | ৯,৭৬৩ | ১০,১৮৮ | ১০,৫৯৯ | ১০,৯৯৫ |
| খুলনা | ৮,৯৩৯ | ৯,৫২৯ | ১০,০২৫ | ১০,৪৬৭ |
| মোট | ৪৫,১৫২ | ৪৭,৩৫৭ | ৫০,৫৭৪ | ৫৩,২৭৮ |

**রাজস্ব আদায়ের পরিমান (লক্ষ টাকা):**

| বিভাগ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ |
|---|---|---|---|---|
| ঢাকা | ২৩.১২ | ৩৮.৫৫ | ৪৭.১৪ | ৫৩.০৬ |
| চট্টগ্রাম | ২০.৩০ | ৩৫.৩০ | ৩৫.১১ | ৩৬.০৯ |
| রাজশাহী | ১৩.০৭ | ২০.৭০ | ২১.৬৬ | ২৩.৩২ |
| খুলনা | ১৩.০৯ | ২৩.৩০ | ২৩.৮২ | ২৫.৩৪ |
| মোট | ৬৯.৫৮ | ১১৭.৮৬ | ১২৭.৭৪ | ১৩৭.৮১ |

**বাজার অবকাঠামো উন্নয়নঃ**

| বাজারের সংখ্যা | | | | |
|---|---|---|---|---|
| বিভাগ | কৃষক বাজার সংখ্যা | পাইকারী বাজার | সেন্ট্রাল মার্কেট | মোট |
| ঢাকা | - | ০১ | ০১ | ০২ |
| চট্টগ্রাম | - | ০২ | - | ০২ |
| রাজশাহী | ৬০ | ১৬ | - | ৭৬ |
| খুলনা | - | ০২ | - | ০২ |
| | | | সর্বমোট | ৮২ |

**শস্যগুদাম ঋণ কার্যক্রমঃ**

| গুদাম সংখ্যা ও ধারণ ক্ষমতা | | |
|---|---|---|
| বিভাগ | চলমান গুদামের সংখ্যা | ধারন ক্ষমতা (মেঃ টন) |
| ঢাকা | ৩০ | ৭৫০০ |
| বরিশাল | ০৪ | ১০০০ |
| রাজশাহী | ৬৫ | ১৪৬৪৮ |
| খুলনা | ১৬ | ৪০০০ |
| মোট | ১১৫ | ২৭১৪৮ |

**গুদামে শস্য জমার পরিমানঃ**

| অর্থ বছর | শস্য জমার পরিমান (কুইন্টাল) |
|---|---|
| ২০১০-২০১১ | ৯৫৬০০ |
| ২০১১-২০১২ | ১০৮০৯০ |
| ২০১২-২০১৩ | ৯২৬৮২ |
| ২০১৩-২০১৪ | ৬১৬২৮ |
| ২০১৪-২০১৫ | ৫৮০৫০ |

**অংশগ্রহনকারী কৃষক সংখ্যা ও ঋণ বিতরণঃ**

| অর্থ বছর | কৃষক সংখ্যা (জন) | ঋণ বিতরণ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ২০১০-১১ | ৯৮৩২ | ১৫৮৮.৭২ |
| ২০১১-১২ | ৯৫২৩ | ১৭১৬.৯১ |
| ২০১২-২০১৩ | ৬৫১৯ | ১৮৮৬.০৮ |
| ২০১৩-২০১৪ | ৫৪২৪ | ১৪০৩.০৭ |
| ২০১৪-২০১৫ | ৫৩৯৪ | ৬৩৯.২৬ |

**বিপণন সহায়ক সুবিধা/অবকাঠামোঃ**

| জেলার নাম | সুবিধা/অবকাঠামোর নাম | সংখ্যা |
|---|---|---|
| ঢাকা, চট্টগাম, রাজশাহী, যশোর, নরসিংদী, কুমিল্লা, খুলনা, মাগুড়া, রংপুর ও চুয়াডাংগা | অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার | ১২ টি |
| ঢাকা, নরসিংদী ও রাজশাহী বিভাগের ৭টি জেলা। | কুল চেম্বার | ০৮ টি |
| ঢাকা সেন্ট্রাল মার্কেট | ট্রাক | ০১ টি |
| | কুলভ্যান (শীতাতপ নিয়ন্ত্রিত) | ০৭ টি |
| | কুল চেম্বার | ০৩ টি (প্রতিটি ২০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন) |

**সমাপ্ত ও চলমান উন্নয়ন প্রকল্প /কর্মসূচীর কার্যক্রমঃ**

**সমাপ্ত প্রকল্পঃ**

| প্রকল্পের নাম | প্রকল্প পরিচিতি | কার্যক্রমের নাম | লক্ষ্য মাত্রা | অর্জন |
|---|---|---|---|---|
| ১। বাংলাদেশ এগ্রিবিজনেস ডেভেলপমেন্ট প্রজেক্ট। | প্রকল্পের মেয়াদঃ জানুয়ারী-২০০৬ হতে ডিসেম্বর-২০১১ পর্যন্ত।<br>মোট প্রকল্প ব্যয়ঃ ৪০৯,৪৩.৮০ (লক্ষ টাকা)।<br>প্রকল্প এলাকাঃ  সমগ্র বাংলাদেশ ।<br><br>লক্ষ্য ও উদ্দেশ্যঃ বাংলাদেশের গ্রাম ও উপ-শহর এলাকায় কৃষি ব্যবসা কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির মধ্য দিয়ে দারিদ্র হ্রাসকরণ।<br>আর্থিক অগ্রগতিঃ  ৯০.৪৮%<br>উদ্যোক্তাদের মাঝে প্রদেয় ঋণ ২০১৭ পর্যন্ত মাঠ পর্যায়ে থাকবে। | ঋণ বিতরণ (লক্ষ টাকা) | ২৫৮৮৯.০১ | ২৫১৮৯.০৯ |
| | | উদ্যোক্তা সৃষ্টি (জন) | ২৮০০০ | ৩৩৪৩২ |
| | | কর্মসংস্থান সৃষ্টি | ৭০০০০ | ৯০৫২৪ |
| | | পুরুষ উদ্যোক্তা (জন) | - | ২১২৯৩ (৬৪%) |
| | | মহিলা উদ্যোক্তা (জন) | | ১২১৩৯ (৩৬%) |
| | | কর্ম সংস্থান সৃষ্টি (জন) | ৭০০০০ | ৯০৫২৪ |
| | | | | |
| ২। সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (বিপণন অংগ) | প্রকল্পের মেয়াদঃ জুলাই-২০১০ হতে জুন-২০১৫ পর্যন্ত।<br>মোট প্রকল্প ব্যয়ঃ ২৭৪০ (লক্ষ টাকা)।<br>প্রকল্প এলাকাঃ  ঢাকা, ফরিদপুর, নরসিংদী, কুমিল্লা, রাংগামাটি,<br>বান্দরবান, রংপুর, পাবনা (ঈশ্বরদী),  খুলনা, ঝিনাইদহ , সিলেট ও বরিশাল জেলা।<br><br>লক্ষ্য ও  উদ্দেশ্যঃ<br>শাকসব্জী ও ফলমূলের কর্তনোত্তর ক্ষতি কমানোর লক্ষ্যে গৃহপর্যায়ে প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে মূল্য সংয়োজন করা এবং সারা বছর পারিবারিক পুষ্টি নিশ্চিত করা। | কৃষক বিপণন দল গঠন | ৬৫০ টি | ৬৫০ টি |
| | | প্রশিক্ষণ প্রদান (জন) | ১৩০০০ | ১৩০০০ |
| | | কুল ভ্যান সংগ্রহ | ০১ টি | ০১ টি |
| | | অফিস কাম প্রসেসিং সেন্টার নির্মাণ | ০৪ টি | ০৪ টি |
| | | এগ্রিবিজনেস উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান (জন) | ৪০০ | ৪০০ |
| | | ভ্যালু চেইন  দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদান (জন) | ১৩২০ | ১৩২০ |

**সমাপ্ত কর্মসূচীঃ**

| কর্মসূচীর নাম | কর্মসূচী পরিচিতি | কার্যক্রমের নাম | লক্ষ্য মাত্রা | অর্জন |
|---|---|---|---|---|
| ১। ফার্মাস মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর পশ্চিম অঞ্চলে নির্মিত মার্কেটসমূহে বিপণন সেবা জোড়দার করণ কর্মসূচী | কর্মসূচীর মেয়াদঃ ১ জুলাই,২০১২ হতে ৩০ জুন,২০১৫ পর্যন্ত।<br>মোট ব্যয় বরাদ্দঃ ২৩৮ (লক্ষ টাকা)।<br>কর্মসূচী এলাকাঃ রাজশাহী ও রংপুর বিভাগের জেলাসমূহ।<br>লক্ষ্য ও উদ্দেশ্যঃ কৃষিপণ্য বিপণনে কৃষক ও ব্যবসায়ীদের সরাসরি অংশগ্রহণের সুযোগ সৃস্টি, কৃষিপণ্যে ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা করণ এবং সুষ্ঠ বাজারজাতকরণের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, দারিদ্র হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টি করাই কর্মসূচীর মূল উদ্দেশ্য। | কৃষক বিপণন দল গঠন | ৩০০ টি | ৩০০ টি |
| | | প্রশিক্ষণ প্রদান (জন) | ৮৩৭০ | ৮৩৭০ |
| | | সেমিনার ও ওয়ার্কশপ (জন) | ১৯০০ | ১৯০০ |
| | | মোটিভেশনাল ট্যুর (জন) | ২৮০ | ২৮০ |
| | | ভ্যানগাড়ী বিতরন | ১৫০ টি | ১৫০ টি |
| | | ডিজিটাল ওজন মাপক যন্ত্র | ৭৫ টি | ৭৫ টি |
| | | ডিস্প্লে বোর্ড | ৭৫ টি | ৭৫ টি |
| | | ত্রিপল (পানি রোধক) বিতরন | ১৫ টি | ১৫ টি |
| | | প্লাষ্টিক ক্যারেট বিতরন | ৫০০ টি | ৫০০ টি |

**চলমান উন্নয়ন প্রকল্পঃ**

| প্রকল্পের নাম | প্রকল্প পরিচিতি | কার্যক্রমের নাম | লক্ষ্য মাত্রা | অর্জন |
|---|---|---|---|---|
| ১। মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প।<br><br>(বিপণন অংগ) | প্রকল্পের মেয়াদঃ জুলাই-২০১১ হতে জুন-২০১৬ পর্যন্ত।<br>মোট প্রকল্প ব্যয়ঃ ৮৪৯.০০ (লক্ষ টাকা)।<br>প্রকল্প এলাকাঃ  মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলার ১৯ টি উপজেলা।<br>লক্ষ্য ও উদ্দেশ্যঃ<br>কৃষিপণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির লক্ষ্যে বাজারের সাথে কৃষকের সংযোগ স্থাপন, এলাকার কৃষকদের আয় বৃদ্ধি করা ও শগঋক মডেল সম্প্রসারণ । প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কৃষিপণ্যের বিপণন ব্যয় এবং সংগ্রহোত্তর  অপচয়  হ্রাসকরণ। | এ্যাসেম্বল সেন্টার নির্মাণ | ০৮ টি | ০৭ টি |
| | | অফিস কাম প্রশিক্ষণ সেন্টার | ১টি | ১টি |
| | | কৃষক বিপণন দল গঠন | ২২০ টি | ২২০ টি |
| | | প্রশিক্ষণ প্রদান (জন) | ৩৫০০ | ২৯০০ |
| | | শস্য গুদাম নির্মাণ ও সংস্কার | ০৫ টি | ০৪ টি |
| | | গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ | ২টি | ২টি |
| | | মোটিভেশনাল ট্যুর অনুষ্ঠান | ২৫ টি | ২৫ টি |
| ২।পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প | প্রকল্পের মেয়াদঃ জুলাই-২০১২ হতে  জুন-২০১৭ পর্যন্ত।<br>মোট প্রকল্প ব্যয়ঃ ৪৩৩৭.০০ (লক্ষ টাকা)।<br>প্রকল্প এলাকাঃ  পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট ।<br>লক্ষ্য ও উদ্দেশ্যঃ<br>উৎপাদনকারীর সাথে বাজারের সংযোগ স্থাপন এবং কৃষি বিপণন সেবা সম্প্রসারণের মাধ্যমে প্রকল্প এলাকার কৃষকের পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তিতে সহায়তা করার মাধ্যমে তাদের আয় বৃদ্ধি করা। | কৃষক বিপণন দল গঠন | ২১০ টি | ২১০ টি |
| | | এ্যাসেম্বল সেন্টার নির্মান | ০৬ টি | - |
| | | প্রশিক্ষণ প্রদান (জন) | ৯২০০ | ১৮৫০ |
| | | শস্য গুদাম নির্মাণ ও সংস্কার | ০৩ টি | ০৩ টি |
| | | | | |

**সম্প্রতি অনুমোদিত প্রকল্পের নামঃ**

১। সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধি প্রকল্প (বিপণন অংগ)।

**এডিপির সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পের নামঃ**

১। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক প্রকল্প।

২। স্ট্রেংদেনিং এন্ড এক্সপানশন অব শস্য গুদাম ঋণ কার্যক্রম প্রকল্প।